দৈনিক ইত্তেফাক

তারিখ ... AUG 1 2 1999
পৃঃ ৫ কলাম ৮

85

## ডিগ্রী পরীক্ষার ফল প্রকাশ প্রসঙ্গে

গত ৩১-৭-৯৯ তারিখে জাতীয় বিশ্ববিদ্যালয় অধীনে ৯৮ সালে অনুষ্ঠিত ডিগ্রী পরীক্ষার ফল প্রকাশিত হয়। দীর্ঘ আট মাস পরে প্রথমবারের মত কম্প্রিউটারের সাহায্যে প্রস্তুতকৃত ফলাফল বাহির হইলে দৈনিক ইত্তেফাকের মাধ্যমে জানা যায়, বরগুনা জেলার পাথরঘাটা উপজেলার সৈয়দ ফজলুল হক ডিগ্রী কলেজ হইতে মাত্র ৭ জন পরীক্ষা দিলেও সেখানে ৫৪ জন পরীক্ষার্থী পাস করিয়াছে। ইহাছাড়াও চট্টগ্রামের রেজাল্টের মারাত্মক বিপর্যয় ঘটিয়াছে। কম্পিউটার ভিত্তিক ভৌতিক রেজাল্টের শিকার হইয়াছে চট্টগ্রাম কলেজ, হাজী মুহাম্মদ মহসীন কলেজ, সরকারী সিটি কলেজ, কমার্স কলেজ, এনায়েত বাজার মহিলা কলেজসহ বিভিন্ন কলেজের ছাত্র-ছাত্রীবৃন্দ। ত্রুটি-বিচ্যুতির কারণে ফলাফল প্রকাশে অনেক পরীক্ষার্থীর জীবনে নামিয়া আসিয়াছে অনিশ্চয়তা। এমতাবস্থায় অনতিবিলম্বে ভুল-ত্রুটি সংশোধন করিয়া পুনরায় ফল প্রকাশের ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

মৃধা নজরুল কবির,
এল,এল,বি,
সিটি 'ল' কলেজ, ঢাকা।